

শিক্ষার্থী ভিসায় আরও কড়াকড়ি অস্ট্রেলিয়ার

- A Monitor Desk Report

Date: 09 May, 2024



অস্ট্রেলিয়া: অভিবাসনের লাগাম টানতে বিদেশি শিক্ষার্থীদের ভিসা দেওয়ার নিয়মে আরও কড়াকড়ি এনেছে অস্ট্রেলিয়া। সাত মাসের মধ্যে দ্বিতীয়বারের মতো বাড়ানো হয়েছে ভিসা পেতে বিদেশি শিক্ষার্থীদের ন্যূনতম সঞ্চয়ের পরিমাণ।

ব্রিটিশ বার্তা সংস্থা জানিয়েছে, অস্ট্রেলিয়ার ভিসা পেতে এখন থেকে বিদেশি শিক্ষার্থীদের ন্যূনতম ২৯ হাজার ৭১০ অস্ট্রেলিয়ান ডলার জমা থাকার প্রমাণ দেখাতে হবে। গত বছরের অক্টোবরে ন্যূনতম এই সঞ্চয়ের পরিমাণ ২১ হাজার ৪১ অস্ট্রেলিয়ান ডলার থেকে বাড়িয়ে ২৪ হাজার ৫০৫ অস্ট্রেলিয়ান ডলার করা হয়।

এ ছাড়া অস্ট্রেলিয়ার কর্তৃপক্ষ জালিয়াতির মাধ্যমে শিক্ষার্থী ভর্তি করায় বেশ কয়েকটি কলেজকে সতর্ক করেছে। অস্ট্রেলিয়ার স্বরাষ্ট্রমন্ত্রী ক্রেয়ার ওনেইল বলেছেন, জাল কিংবা অন্যায় চর্চার কারণে ৩৪টি শিক্ষাপ্রতিষ্ঠানকে সতর্কতার চিঠি পাঠানো হয়েছে। তিনি বলেন, ‘তারা দোষী সাব্যস্ত হলে দুই বছর পর্যন্ত কারাদ- এবং শিক্ষার্থী ভর্তিতে নিষেধাজ্ঞার মুখে পড়তে পারেন।’

বিদেশি শিক্ষার্থীরা গত অর্থবছরে অস্ট্রেলিয়ার অর্থনীতিতে প্রায় ৩৬ দশমিক ৪ বিলিয়ন ডলার যোগ করেছে। ২০২২ সালে করোনা বিধিনিষেধ প্রত্যাহার হওয়ার পর দেশটিতে হঠাৎ করে অভিবাসীর সংখ্যা বাড়তে থাকে। বাড়তি অভিবাসী দেশটির আগে থেকে চাপে থাকা বাড়ি ভাড়ার বাজারে নতুন চাপ তৈরি করে। এর জেরে আগামী দুই বছরের মধ্যে অভিবাসী কমিয়ে আনতে শিক্ষার্থী ভিসার নিয়ম কড়াকড়ি করতে শুরু করেছে অস্ট্রেলিয়া।

মার্চে অস্ট্রেলিয়ায় শিক্ষার্থী ভিসার জন্য ইংরেজি ভাষার বাড়তি দক্ষতা চাওয়া হয়। এ ছাড়া পড়াশোনা শেষ বেশি দিন থাকতে চাওয়া শিক্ষার্থীদের জন্যও কঠোর হচ্ছে অস্ট্রেলিয়ার কর্তৃপক্ষ।

